

২২টি মহিলা কলেজে এশিয়া ফাউন্ডেশনের ৪ হাজার বই বিতরণ

নিজের প্রতিবেদন

আন্তর্জাতিক নারী দিবস উদযাপন উপলক্ষে ২২টি মহিলা কলেজে প্রায় চার হাজার বই বিতরণ করেছে এশিয়া ফাউন্ডেশন। ফাউন্ডেশনের বুক ফর এশিয়া প্রকল্পের অধীনে গতকাল ঢাকার বারিধারায় একটি রেইরেস্টে আনুষ্ঠানিকভাবে বইগুলো বিতরণ করা হয়েছে। বই বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আব্দুল মোনাম লিমিটেডের উপব্যবস্থাপনা পরিচালক (ডিএমডি) এ এম এম মাইনুদ্দীন মোনাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রায়পাট বাংলাদেশের চেয়ারম্যান ড. মোশাররফ হোসেন। এ ছাড়া এশিয়া ফাউন্ডেশন বাংলাদেশের তেপুটি কম্পিউ সিস্টেমসেটটিভ শাখার নির্বাহী উপস্থিত ছিলেন। আব্দুল মোনাম ফাউন্ডেশনের দার্বিক সহযোগিতায় অনুষ্ঠানটি পরিচালনা করেন বুক ফর এশিয়া প্রকল্পের সমন্বয়ক তরুণা দে।